গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১১৯

**আসছে রাজশাহী বিভাগীয় বইমেলা**
**বাড়ছে সময় ও পরিসর**

রাজশাহী : ৪ কার্তিক (২০ অক্টোবর) :

বিগত দিনের তুলনায় আরও বেশি সময় ও বড় পরিসর নিয়ে শুরু হতে চলেছে রাজশাহী বিভাগীয় বইমেলা। বিভাগীয় প্রশাসন ও জাতীয় গণগ্রন্থাগারের যৌথ আয়োজনে রাজশাহী কালেক্টরেট মাঠে ৯ দিনব্যাপী বইমেলা শুরু হবে ৩১ অক্টোবর, চলবে ৮ নভেম্বর পর্যন্ত। এ উপলক্ষে আজ (২০ অক্টোবর) বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ এর সভাপতিত্বে তাঁর সম্মেলনকক্ষে অনুষ্ঠিত হয়েছে এক প্রস্তুতিমূলক সভা।

প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত অনুসারে, ছুটির দিন বাদে প্রতিদিন বেলা ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত চলবে বইমেলা। ছুটির দিনে মেলা শুরু হবে সকাল থেকেই। এবারের মেলায় স্টল থাকবে ৭০টির অধিক। ইতোমধ্যে ৬৫টি প্রকাশনা সংস্থা স্টলের জন্য আবেদন করেছে মর্মে নিশ্চিত করেছে জাতীয় গণগ্রন্থাগারের প্রতিনিধি।

সভায় আরও জানানো হয়, মেলার দিনগুলোতে প্রতিদিন ভিন্ন ভিন্ন বিষয়ে অনুষ্ঠিত হবে সেমিনার, থাকবে সাংস্কৃতিক পরিবেশনা। সেরা তিনটি স্টল পাবে বিশেষ পুরস্কার। এছাড়া মেলায় সার্বক্ষণিক বিদ্যুৎ সুবিধা, সুপেয় পানি, মেডিকেল টিমসহ সবধরনের নিরাপত্তা নিশ্চিত করা হবে জানিয়ে রাজশাহীর সর্বসাধারণকে মেলায় আসার জন্য অনুরোধ জানিয়েছে আয়োজক কর্তৃপক্ষ।

.................................................
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/২০২৫/১৪:০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd